

মাইক্রোসফটের OLE

কাজী আব্দুল মোঃ মোর্শেদ
সিমনয়র ফ্যাকাল্টি মেম্বর
কনসেন্ট কম্পিউটার নেটওয়ার্ক, ঢাকা

ধরুন আপনি একটা ব্যবসায়িক প্রতিবেদন তৈরী করবেন, প্রথমেই একটা ওয়ার্ডপ্রসেসর দিয়ে আপনি কথা (text) তুলে লিখে নিলেন, তারপর প্রতিবেদনটিতে টেবল আর চার্ট ব্যবহারের জন্য দায়স্থ হলেন কোন স্প্রেডশীট প্যাকেজে। তারপর হয়তো দায়স্থ হলেন গ্রাফিক প্রেসেন্টেশন প্যাকেজে। সবশেষে তিনটি টুকরোকে জোড়া দিয়ে তৈরী হল কাল্পিত প্রতিবেদন। আর তারপর যদি মনে হয় যে টেবলে একটু ছুল থাকায় গ্রাফটা একটু বদলে গেছে, তাহলে তো কথাই নেই, যাকে বলে কেচে পড়ুন, তাই করতে হবে আপনাকে। ব্যাপারটা এমন যে এই আলাদা আলাদা সব প্যাকেজে কাজ করতে যেয়ে আপনার নিজস্ব কাজ করার ধরনটি হয়ে যায় শৌণ, তার বদলে প্যাকেজগুলোর স্বতন্ত্র সীমাবদ্ধতা ও কর্ম পদ্ধতি প্রধান হয়ে ওঠে।

এই আলাদা আলাদা প্যাকেজগুলোর মধ্যে সমন্বয় সাধনের প্রচেষ্টার ফলই অবজেক্ট লিংকিং এবং গ্র্যামবেডিং পদ্ধতি। এক কথা OLE হচ্ছে মাইক্রোসফট ইনক এর তৈরী করা একটি আন্তঃ প্যাকেজ সমন্বয় সাধন ব্যবস্থার মান (Specification) যেটা অনুসরণ করে প্যাকেজগুলো নিজেদের মধ্যে যোগাযোগ করতে পারে। এই মান এর প্রথম সংস্করণ মাইক্রোসফটের উইন্ডো ডিভিক এপলিকেশনগুলোতে অনুসৃত হয়ে আসছিল। সম্প্রতি এই মান এর দ্বিতীয় সংস্করণ মুদ্রিত হয়েছে এবং শীঘ্রই এই মানানুগ প্যাকেজ বাজারে আসবে।

ওএলই প্রথম সংস্করণ থেকে এই নতুন সংস্করণে অগ্রগতি হয়েছে অস্বাভাবিক। বিশেষ করে এক প্যাকেজ থেকে অন্য প্যাকেজে তথ্য স্থানান্তর এবং এক প্যাকেজ থেকে অন্য প্যাকেজে কাজ করা এখন আগের চেয়ে অনেক সহজ হয়েছে। বুদ্ধিয়ে বলছি। আগে উইন্ডো ডিভিক MS-EXCEL এর একটি টেবল MS-WORD এ আনতে চাইলে প্রথমে টেবলটিকে ক্লিপবোর্ডে কপি করতে হতো, তারপর ক্লিপবোর্ড থেকে আবার এমএস ওয়ার্ড-এর Document-এ কপি করতে হতো। এখনকার পদ্ধতি অনুযায়ী পাশাপাশি দুটো উইন্ডোতে এমএস ওয়ার্ড ও এমএস এক্সেল রেখে, মাউসের সাহায্যে এক্সেল-এর টেবল চিহ্নিত করে তা মাউসের সাহায্যেই টেনে এমএস ওয়ার্ড-এর ডকুমেন্ট-এ বসিয়ে দিতে হবে। এখানে আমাদের আর ক্লিপ বোর্ড লাগছে না। ওএলই-র এই বৈশিষ্ট্যকে মাইক্রোসফট বলেছে Drag and drop।

ওএলই-র প্রথমটির মত দ্বিতীয় সংস্করণেও অন্য প্যাকেজে তৈরী করা অবজেক্টের উপর পয়েন্টার নিয়ে গিয়ে দুবার পর পর ক্লিক করলে ঐ অন্য প্যাকেজটি রান করবে। তবে নতুন সংস্করণ অনুযায়ী এখন অন্য প্যাকেজটি রান করতে এবং পর্দার চেহারা বদলাতে আগের মত অত সময় লাগবে না। কারণ, পুরো পর্দার চেহারা বদলে না গিয়ে নতুন সংস্করণ অনুযায়ী নতুন রান করা প্যাকেজটির মেনুবার ও টুলবার আমরা পর্দায় দেখতে পারবো। এখন এই মেনুবার এবং টুলবার ব্যবহার করেই আমরা সংশ্লিষ্ট অবজেক্টটিকে বদলাতে পারবো। কাজেই দেখতে পারছি একটি ওয়ার্ড-এর ডকুমেন্ট-এ স্থাপন (Embed) করা এক্সেল গ্রাফ বদলাতে চাইলে শুধু গ্রাফটির উপরে পয়েন্টার নিয়ে গিয়ে পর পর দুবার মাউস ক্লিক করলেই ওয়ার্ড-এর মেনু এবং টুলবারের বদলে এক্সেল-এর মেনু এবং টুলবার চলে আসবে। এতে করে আমরা এক্সেল কমান্ডগুলো ব্যবহার করে গ্রাফটিতে প্রয়োজনীয় পরিবর্তন করতে পারব। এখন যদি কেউ প্রশ্ন করে আমরা কোথায় আছি, এক্সেল এ না ওয়ার্ড-এ, উত্তর হবে দুটোতেই অথবা কোনটাতেই নয়। কারণ, আমরা আসলে আছি আমাদের ডকুমেন্টে।

যাহোক, ওএলই-র ২য় সংস্করণ অনুসারে একটি প্যাকেজ, ধারণ (Contains) ও বস্তু (Object) এই দুই ধরনের যে কোন একটি বা দুটোই হতে পারে। একটি ধারণ প্যাকেজ, এক বা একাধিক বস্তু প্যাকেজের তৈরী করা অবজেক্ট ধারণ করতে পারে। এ ক্ষেত্রে ধারণ প্যাকেজটি বস্তু প্যাকেজের সাথে পরিবর্তনশীল সংযোগ বা Dynamic link তৈরী করে।

এ পর্যন্ত ওএলই-র ২য় সংস্করণের মানানুযায়ী তিনটি বাণিজ্যিক প্যাকেজের উন্নততর স্তরের পরীক্ষা চলছে। এই প্যাকেজগুলো হলো মাইক্রোসফটের Word for Windows-এর সংস্করণ 6.0 ও এক্সেল-এর সংস্করণ 5.0 এবং শেপওয়্যার এর visio সংস্করণ 2.0। তবে আশা করা যায় পুরো 1998 সাল জুড়েই আমরা ওএলই সংস্করণ ২.০ মানানুগ প্যাকেজ দেখব।

এ অস্বাভাবিক সাফল্য সত্ত্বেও ওএলই-র ২য় সংস্করণে কিছু কিছু সীমাবদ্ধতা থেকেই গেছে। যেমন, ওএলই এখনও নেটওয়ার্ক সমর্থন করে না। তাছাড়া অবজেক্ট ট্র্যাকিং-এর ব্যবস্থাপনায় এখনও বেশ কিছু দুর্বলতা রয়ে গেছে।


তারপরও বলতেই হয়, এই নতুন ব্যবস্থা আন্তঃ প্যাকেজ সমন্বয়ের নতুন ধার বলে দিয়েছে। ব্যবহারকারীরা এখন মনোযোগ দিতে পারবে তাদের কাজে, পদ্ধতিগত জটিলতা আর তাতে বাধ সাধতে পারবে না। অন্ততঃ তাদের চোখে দুই বা ততোধিক প্যাকেজ দুই বা ততোধিক কর্মপদ্ধতি না হয়ে কাজের উপযোগী হাতিয়ার হয়ে উঠবে। ☺

OCTEK ETHERNET 2000+/3

ETHERNET CARD

Single card supports 3 network media

(Thick Ethernet, Thin Ethernet and Twisted Pair Ethernet)



Highlights

- 100% Novell NE2000, NE2000+, NE2000+/2, NE2000+/3 compatible
- * Protocol
Ethernet IEEE 802.3 industry-standard 10-Mbps
- * LAN Data Rate
Full Ethernet data rate at 10M bits/sec
- * Interrupt Channels
IRQ3, IRQ4, IRQ9, IRQ10, IRQ11, IRQ12 & 1 RQ15
- * Network Boot ROM
Optional Eprom for diskless workstation

Price : Tk. 8,000.00



Computer
Shop

The Computer Shop Ltd.
52 Bijoy Nagar
Dhaka-1000 Bangladesh
Phone : 412226, 415753
Fax : 880-2-835201